সকল সদস্যের অবগতির জন্য

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(মানি চেঞ্জিং শাখা)

সূত্র নং -এফইওডি (মানি চেঞ্জিং ) ৮২০/২০২৩-৫১৪৮

তারিখ : ১৬ নভেম্বর, ২০২৩

মহাসচিব
মানি চেঞ্জার্স এসোসিয়েশন অব বাংলাদেশ
আজাদ সেন্টার, স্যুট নং-৭/বি
৫৫, পুরানা পল্টন
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**বাংলাদেশে কার্যরত মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক লাইসেন্স নবায়ন আবেদন এর সাথে মানিচেঞ্জারস এসোসিয়েশন অব বাংলাদেশ এ সদস্যভুক্তির প্রমাণক দাখিলকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (এফইপিডি)-এর ০১/০৬/২০২৩ তারিখের এফই সার্কুলার লেটার নং- ০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. উক্ত এফই সার্কুলার লেটার মারফত বাংলাদেশ এ কার্যরত সকল মানিচেঞ্জার প্রতিষ্ঠান-কে বিগত ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মানিচেঞ্জার এসোসিয়েশন অব বাংলাদেশ এর সদস্যভুক্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু, মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক লাইসেন্স নবায়ন এর ক্ষেত্রে এসোসিয়েশনের সদস্যভুক্তির কোনো প্রমাণক এ কার্যালয়ে দাখিল করা হয়না।

৩. এখন থেকে মানি চেঞ্জার্স লাইসেন্স নবায়ন আবেদন এর সাথে সংশ্লিষ্ট এসোসিয়েশন এর সদস্যভুক্তির প্রামাণিক দলিল/দলিলাদি আবশ্যিকভাবে দাখিল করার জন্য আপনাদের এসোসিয়েশনের মাধ্যমে সকল মানিচেঞ্জার প্রতিষ্ঠান-কে অবহিত করতে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(সুচিত্রা বিশ্বাস)
অতিরিক্ত পরিচালক
ফোন : +৮৮ ০২৫৫৬৬৫০০১-৫/২২৮৫৫